

দ্বিজেন আচার্য

দৈত্যের বাগান

সন্ধ্যার সমীপে পাখির আকুতি ভেসে যায়
নীলিমার দিকে...

দিকভ্রান্ত পথিক চলেছে আত্মঅশ্বেষণে
নানা ফুল ফুটে আছে দৈত্যের বাগানে
'প্রবেশ নিষেধ'
নিষেধ মানেনি বলে প্রজাপতি মাকড়সার জালে
হতাশায় দিকবিদিকে উড়ছে ভ্রমর

দৈত্যের বাগানে বসন্ত আসেনি
কোকিলের আর্তনাদে বাতাস বিহ্বল
না ফোটা ফুলের কান্না সুদূরপ্রসারী

দৈত্যের বাগানে বসন্ত আসেনি
মৃত ফুল, মৃত প্রজাপতি আর মুমূর্ষ ভ্রমরের
ক্ষীণ আর্তনাদ
শৈত্যপ্রবাহে মৃত দৈত্য নীল অন্ধকারে

'প্রবেশ নিষেধ'
দৈত্যের বাগানে বসন্ত আসেনি
আসবে না কোনোদিন